

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সার্ভিস দপ্তর  
বাংলাদেশ বেতার  
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

নম্বর:১৫.৫৩.০০০০.১১৫.০২৭.২১৪.২২- ২৫০

তারিখ: ০৯/১০/২০২৪খ্রি.

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: কৃষি বিষয়ক কার্যক্রমের 'দেশ আমার মাটি আমার' জাতীয় অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পী শেখ হাবিবুর রহমান এর মৃত্যুতে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত।

কৃষি বিষয়ক কার্যক্রমের 'দেশ আমার মাটি আমার' জাতীয় অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পী শেখ হাবিবুর রহমান এর মৃত্যুতে একটি শোক সভা ও দোয়া মাহফিল গত ২৫/০৯/২০২৪খ্রি. তারিখ কৃষি সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতারের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বেতারের অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) জনাব মোঃ ছালাহ উদ্দিন। এছাড়া উপস্থিত ছিলেন শেখ হাবিবুর রহমান পরিবারের পক্ষ থেকে তার ছেলে শাহরিয়ার ফেরদৌস। কৃষি সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকার পরিচালক জনাব এস এম আবুল হোসেনের সভাপতিত্বে ও উপপরিচালক জনাব খালেদা পারভীনের পরিচালনায় শোকসভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন সোনালী ফসল অনুষ্ঠানের শিল্পী আলহাজ্ব ফারুক আহমেদ।

সভায় বক্তব্য রাখেন- বাংলাদেশ বেতারের অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) জনাব মোঃ ছালাহ উদ্দিন ও পরিচালক (সঙ্গীত) জনাব মোঃ ফখরুল আলম, কৃষি সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতারের পরিচালক জনাব এস এম আবুল হোসেন, উপপরিচালক জনাব খালেদা পারভীন, সহকারী পরিচালক (অনুষ্ঠান) জনাব নুসরাত হারুন, জনাব রনিয়া সুলতানা, জনাব মুন্সম মন্ডল তুষার, মরহম শেখ হাবিবুরহ রহমান (হবি ভাই) এর ছেলে, জাতীয় ও আঞ্চলিক অনুষ্ঠানের আসরের পরিচালক জনাব আব্দুস সবুর খান চৌধুরী ও আলহাজ্ব ফারুক আহমেদ এবং আসরের শিল্পী শাহজাদী বেগম, শামসুন নাহার, বর্ষা চৌধুরী সহ অন্যান্যরা।

শেখ হাবিবুর রহমান শৈশব থেকেই সাংস্কৃতিক জগতের সাথে, বিশেষত নাট্যজগতের সাথে যুক্ত ছিলেন। তিনি খুলনা ও ঢাকা বেতারের নাট্যশিল্পী ছিলেন। পেশাগত জীবনে ব্যাংকার হলেও কৃষি ক্ষেত্রে তাঁর ব্যক্তিগত আগ্রহ ও উদ্যোগ ছিল চোখে পড়ার মতো। তিনি কর্মজীবনে তাঁর আন্তরিক ব্যবহারের ও পরোপকারী মনোভাবের জন্য সবার প্রিয় মানুষ ছিলেন।

কৃষি বিষয়ক কার্যক্রমের 'দেশ আমার মাটি আমার' জাতীয় অনুষ্ঠানের আসরের অংশগ্রহণকারী শিল্পী শেখ হাবিবুরহ রহমান (হবি ভাই) এর আত্মার মাগফিরাত কামনা করে উপস্থিত সবার অংশগ্রহণে সভায় বিশেষ মোনাজাত করা হয়।

(এস এম আবুল হোসেন)  
পরিচালক

ফোন: ০২-৪৪৮১৩০৪০

ই-মেইল: [dirfarm@betar.gov.bd](mailto:dirfarm@betar.gov.bd)

